# মিঠাপুকুর উপজেলা পরিষদের আগষ্ট, ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ জাকির হোসেন সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>মিঠাপুকুর,রংপুর । |
| স্হান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| তারিখ | ঃ | ৩১/০৮/২০২১ খ্রিঃ |
| সময় | ঃ | দুপুর ১১.৩০ ঘটিকা |

সভায় উপস্হিত সম্মানিত সদস্য সদস্যাগণের নামের তালিকা পরিশিষ্ট- ক এ প্রদর্শিত

অদ্যকার সভায় উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও সভাপতি জনাব মোঃ জাকির হোসেন সরকার, সভার উপস্হিত সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভার কাজ এগিয়ে নেওয়ার জন্য অনুরোধ করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন ।

আলোচ্যসূচী ঃ

০১। বিগত সভার সিদ্ধান্ত পঠন ও অনুমোদন করন।

০২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ।

০৩। ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর বরাদ্দ হতে কোভিড-১৯ প্রতিরোধকল্পে বরাদ্দকৃত অর্থ খরচের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

০৪। বিবিধ ।

০১। বিগত সভার সিদ্ধান্ত পঠন ও অনুমোদন করন ।

১নং আলোচ্য বিষয়ে আলোচনা শুরু হলে বিগত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করে শুনানো হয় । কারো কোন আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

০২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ।

২নং আলোচ্য বিষয়ে আলোচনা শুরু হলে সভায় উপস্থিত বিভাগীয় কর্মকর্তাগন তাদের স্ব-স্ব বিভাগের কাজের অগ্রগতি সভায় উপস্হাপন করেন । যা বিভাগওয়ারী নিম্নরুপঃ-

(১) উপজেলা প্রকৌশল বিভাগঃ

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক আছে। তিনি আরোও বলেন,

০১। উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর এর বাসভবনটি পরিত্যাক্ত ঘোষনা হওয়ায় বর্তমানে নতুন ভবন নির্মান করা প্রয়োজন। সে মোতাবেক Soil Test করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা হতে Drawing সংগ্রহ করা হয়েছে এবং প্রাক্কলন প্রস্তুত করা হচ্ছে। প্রাক্কলন পাওয়ার পর উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নির্মানের অর্থ অনুমোদনের জন্য মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। উপজেলা পরিষদ চত্তরের সীমানা প্রাচীর না থাকায় এটি অরক্ষিত রয়েছে। যার ফলে উপজেলা পরিষদের সরকারি বাসভবনসহ বিভিন্ন সরকারি দপ্তর নিরাপত্তাহীনভাবে অফিস পরিচালনা করছে। সীমানা প্রাচীর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থদ্বারা নির্মানের জন্য প্রাক্কলন প্রস্তুত করে সিনিয়র সচিব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা বরাবরে অনুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। তিনি আরোও জানান যে, অত্র উপজেলার ১৭টি ইউনিয়নে বারি-৪ জাতের আমের চারা ক্রয়ের জন্য মূল্য নির্ধারণ কমিটি কর্তৃক প্রতিটি আমের চারা ৮৩/- টাকা দরে ক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত আমের চারা ক্রয়ের জন্য ১৭ জন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। উপজেলা প্রকৌশলী আরোও জানান যে, ১০ নং বালুয়া মাসিমপুর ইউনিয়নের হাসানখোর রাস্তার হ্যালেনচা হাজীর মসজিদের পার্শে কালভার্টটি ব্যাপক ক্ষতিগ্রস্থ হওয়ায় সাধারণ মানুষের চলাচলের সমস্যা সৃষ্টি হচ্ছে। এবিষয়ে আলোচনান্তে উপজেলা উন্নয়ন তহবিল থেকে কালভার্টটি সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। তিনি আরোও বলেন যে, ০১ নং খোড়াগাছ ইউনিয়নের লালপুকুরে প্রায় ২০০ বছর পূর্বের বুড়া জুম্মা নামক একটি বিলীন হয়ে যাওয়া মসজিদটি নতুন করে নির্মান কাজ চলমান রয়েছে। মসজিদটি নতুন করে নির্মানের জন্য জারুল্যাপুর গ্রামে পানি বাহির হতে পারছে না এতে অল্প বৃষ্টিতে গ্রামের লোকজন পানি বন্দি হয়ে পড়ছে। ড্রেনটি নির্মান না হলে পানি স্রোতের কারণে নির্মানাধীন মসজিদের বালু সরে গিয়ে মসজিদটি ক্ষতিগ্রস্ত হবে। এবিষয়ে আলোচনান্তে উপজেলা উন্নয়ন তহবিল থেকে ড্রেনটি নির্মান করার জন্য উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুতপূর্বক ড্রেনটি নির্মান করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। তিনি আরোও বলেন যে, ১৫ নং বড় হযরতপুর ইউনিয়নের সেরুডাঙ্গা বাজারের নিকট ও ১৭ নং ইমাদপুর ইউনিয়নের চরকাবাড়ি রাস্তাটি অতিবৃষ্টির কারণে ক্ষতিগ্রস্থ হয় এবং বালুয়ামাসিমপুর ইউপি অফিস হতে শঠিবাড়ীগামী রাস্তায় ডাবরায় অতি বৃষ্টির কারণে একটি ব্রীজ ভেঙ্গে পড়ে অকেজো হয়ে যাওয়া ব্রিজটি জরুরী ভিত্তিতে অপসারণ করে চলাচল উপযোগী করার জন্য ৯২,০০০/- (বিরানব্বই হাজার) টাকার আরসিসি পাইপ/রিং স্থাপন করা হয়েছে। উক্ত ৯২,০০০/- (বিরানব্বই হাজার ) টাকা পরিশোধ করার জন্য উপজেলা পরিষদ, চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন দাখিল করেছেন। এমতাবস্থায়, ১৪ নং দূর্গাপুর ইউনিয়নের ক্ষতিগ্রস্থ ব্রিজটি সংস্কার করার ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-০২

০৭। উপজেলা প্রকৌশলী বলেন, মিঠাপুকুর উপজেলার কোভিড-১৯ এর জন্য ৫,৩৫,০০০/- (পাঁচ লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। এ বিষয়ে ব্যাপক আলোচনান্তে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার এবং এ্যান্টিসেপটিক সাবান পিআইসির মাধ্যমে ক্রয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ

উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, মহাসড়কের ০৪ (চার) লেন উন্নতি, মডেল মসজিদ নির্মানের সময় কর্তনকৃত গাছ ও মৃত্যু গাছগুলো থাকার কারণে তাঁর কার্যালয়ের চলাচলের সমস্যা সৃষ্টি হচ্ছে। এবিষয়ে আলোচনান্তে প্রাক্কলন প্রস্তুতপূর্বক টেন্ডারের মাধ্যমে নিলামে বিক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে লক্ষ্যে নিলাম কমিটি গঠন করা হয়।

| ক্রম | পদবি | ক্যাটাগরী |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর | সভাপতি |
| ০২ | বন বিট অফিসার, সদর বিট, মিঠাপুকুর রেঞ্জ, মিঠাপুকুর, রংপুর | সদস্য |
| ০৩ | উপজেলা প্রকৌশলী, মিঠাপুকুর, রংপুর | সদস্য |
| ০৪ | সহকারী কমিশনার (ভূমি), মিঠাপুকুর, রংপুর | সদস্য সচিব |

তিনি আরোও বলেন যে, ৩৩টি কৃত্রিম প্রজনন কেন্দ্রে ১৫৯২টি গাভী/বকনাকে প্রজনন করা হয়েছে এবং ক্ষুদ্র ঋন কার্যক্রমের আওতায় ঋন আদায় অব্যাহত রয়েছে । এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তেমন কোন অসুবিধা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ক্ষুদ্র ঋন কার্যক্রমের আওতায় আদায় কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয় ।এ ছাড়া সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা মিঠাপুকুর,রংপুর |

(৩) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তাঁর বিভাগীয় নভেম্বর,২০২০ খ্রিঃ মাসের উন্নয়নমুলক কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপ পেশ করেন ।

| মোট সক্ষম দম্পতি | খাবার বড়ি গ্রহীতা | কনডম গ্রহীতা | ইনজেকটেবল গ্রহীতা | আইইউডি গ্রহীতা | ইমপ্লান্ট গ্রহীতা | স্হায়ী পদ্ধতি | | মোট গ্রহণকারীর সংখ্যা | গ্রহনকারীর হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | পুরুষ | মহিলা | | |
| ১১৭৬১২ | ৪৮৯২৮ | ৪৮৯৫ | ১৯০৫৬ | ২৩৩৫ | ৪৩৫৬ | ৪২৫০ | ৫৭৫৮ | ৯১৫২৪ | ৭৭.২৬% |
| জুলাই/২১ মাসের নুতন গ্রহিতা | ৬৩৫ | ৯৯ | ৩৫৮ | ৪২ | ২৩৪ | ৯ | ২২ | ১৩৫৬ | |

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠুভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা পঃপঃ অফিসার,মিঠাপুকুর,রংপুর |

(৪)উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। কোন অসুবিধা নেই।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে । | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

(৫)উপজেলা সমাজসেবা বিভাগঃ

উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, মিঠাপুকুর উপজেলার বয়স্কভাতা ও প্রতিবন্ধী ভাতার বই দেয়ার সময় কোন কোন ইউপি সদস্যগণ ৫০০/- টাকা অথবা ১০০০/- টাকা নিয়ে বই দেয়া হচ্ছে, উপজেলা নির্বাহী অফিসারও বলেন এমন অভিযোগ পাওয়া যাচ্ছে। উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় বলেন বই বিতরণের সময় উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে উপস্থিত থেকে বই বিতরণের জন্য পরামর্শ প্রদান করেন। এবিষয়ে আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যানের উপস্থিতে, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সহযোগীতায় ইউনিয়ন পরিষদে বই বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনকে সংশ্লিষ্ট এলাকায় ব্যাপক মাইকিং করার পরামর্শ প্রদান করেন, মাইকিংয়ে বলতে বলেন যে, বই বিতরণ করার সময় কোন ইউপি সদস্য অথবা কোন ব্যক্তিকে টাকা পয়সা লেনদেন করবেন না। সভায় সর্বসম্মতিক্রমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে মাইকিং করার ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় আরোও জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। কোন অসুবিধা নেই ।তিনি জানান সকল ভাতা কার্যক্রম ও সুদমুক্ত ক্ষুদ্রঋন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে । | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মিঠাপুকুর,রংপুর |

(৬)উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কাজকর্ম ভাল ভাবে চলছে । কোন অসুবিধা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে । | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

চলমান পাতা-০৩

(৭)উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ

উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মিঠাপুকুর সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন অসুবিধা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌঃ অধিদপ্তর,মিঠাপুকুর,রংপুর। |

(৮)উপজেলা মৎস্য বিভাগঃ

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে । কোন সমস্যা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ইজারাযোগ্য জলাশয় সমুহ বিধি মোতাবেক ইজারা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে গৃহীত হয় । এছাড়া সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

(৯)উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ

উপজেলা স্বাঃ ও পঃপ কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর সভায় জানান যে, মিঠাপুকুর উপজেলার করোনা-১৯ পরিস্থিতি অনেকটাই ভাল রয়েছে। তিনি আরোও বলেন তাঁর কার্যালয়ের এক্স-রে মেশিন বেশ কিছুদিন থেকে নষ্ট অবস্থায় রয়েছে। এতে করে সাধারণ রোগীগণ ব্যাপকভাবে দুর্ভোগের সৃষ্টি হচ্ছে এবং এই এক্স-রে মেশিন ভালো করার জন্য প্রায় ৩,০০০০০/- (তিন লক্ষ) টাকার প্রয়োজন। এবিষয়ে ব্যাপক আলোচনান্তে এক্স-রে মেশিনের মেয়াদ যাচাই-বাছাই করে পরবর্তীতে সিদ্ধান্ত নেয়া যেতে পারে। তিনি আরোও বলেন বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। কোন সমস্যা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা স্বাঃ ও পঃপ কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

(১০)উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। কোন সমস্যা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা প্রঃবাঃ কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

(১১) উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। কোন সমস্যা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা শিক্ষা কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

(১২)উপজেলা কৃষি বিভাগঃ

উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে,তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে কোন অসুবিধা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা কৃষি কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

(১৩) উপজেলা সমবায় বিভাগঃ

উপজেলা সমবায় কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে । কোন সমস্যা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা সমবায় কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

(১৪) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে । কোন সমস্যা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

(১৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে । কোন সমস্যা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

চলমান পাতা-০৪

(১৬) উপজেলা বন বিভাগঃ

উপজেলা বন কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে । কোন সমস্যা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা বন কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

১৭। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ):

বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে উপজেলা পরিষদ চেয়ারম্যান নিম্নোক্ত পরামর্শ প্রদান করেন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ০১. গভীর নলকূপের আয়োতাধীন সেচ প্রকল্প সংখ্যাগরিষ্ট কৃষকের সিদ্ধান্তের ভিত্তিতে পরিচালনা করতে হবে।<br>০২. গত জুলাই/২০২০ এর উপজেলা পরিষদ সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান করেন। | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, মিঠাপুকুর,রংপুর |

১৮। জঙ্গী তৎপরতা রোধে উদ্ধুদ্ধকরণ কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

জঙ্গী তৎপরতারোধে উদ্ধুদ্ধকরণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসার উপস্হিত ইউপি চেয়ারম্যানগণকে আহবান জানান । তিনি বলেন,জঙ্গী তৎপরতা বিষয়ে সকলকে সজাগ থাকতে হবে । সভায় উপস্হিত ইউপি চেয়ারম্যানগণ বলেন, তাদের স্ব-স্ব ইউনিয়নে জঙ্গী সংগঠনের কোন কার্যক্রম নাই। কোথাও জঙ্গী তৎপরতা লক্ষ্য করা গেলে তাৎক্ষনিকভাবে তা প্রতিহত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| জঙ্গী তৎপরতারোধে উদ্ধুদ্ধকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | অফিসার ইনচার্জ,মিঠাপুকুর থানা এবং চেয়ারম্যান,সকল ইউপি,মিঠাপুকুর,রংপুর । |

১৯। ডিজিটাল বাংলাদেশ গঠনে কার্যকর উদ্যোগ গ্রহণ ।

উপজেলা নির্বাহী অফিসার বলেন,ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে বর্তমান সরকার কর্তৃক বহুমূখী কার্যক্রম গ্রহণ করা হয়েছে গৃহীত সকল কার্যক্রম যথাযথভাবে করতে হবে । এ জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যান এবং সকল বিভাগীয় কর্মকর্তাকে অনুরোধ জানান ইউনিয়ন পর্যায়ে ইউআইএসসি সমূহ থেকে সেবা গ্রহণের কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ডিজিটাল বাংলাদেশ গঠনে গৃহীত সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে | ১। বিভাগীয় কর্মকর্তা,সকল বিভাগ,মিঠাপুকুর,রংপুর ।<br>২। চেয়ারম্যান,সকল ইউপি,মিঠাপুকুর,রংপুর । |

০৩। বিবিধ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

(১) বিবিধ বিষয়ে আলোচনা শুরু হলে সভায় সভাপতি মহোদয় বলেন, আমাদের উপজেলাসহ বাংলাদেশের ০৯ (নয়)টি উপজেলা পরিষদে ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) টাকা বরাদ্দ দেয়া হয়নি। সভাপতি মহোদয় বলেন উপজেলা পরিষদ, চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানসহ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সংরক্ষিত মহিলা সদস্যসহ নতুন করে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) টাকা বরাদ্দ পাওয়ার জন্য মাননীয় মন্ত্রী ও সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর আবেদন দেয়ার আহবান জানান। সভায় সর্বসম্মতিক্রমে মন্ত্রণালয় বরাবর আবেদন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি আরোও বলেন যে, মিঠাপুকুর উপজেলার শঠিবাড়ী হাটের ধান-চাউল ক্রয় বিক্রয়ের সময় ৪০ কেজি মণের বিপরীতে ৪৩ কেজি নেয়া হচ্ছে। অতিরিক্ত ২-৩ কেজি বিক্রেতার নিকট হতে সুকৌশলে নেয়া হচ্ছে। যা মোটেও কাম্য নয়। সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক উপজেলা পরিষদ চত্তরের পুকুরটি খনন করে, চতুরদিকে মাটি ভরাট করাসহ সৌন্দর্য্য বৃদ্ধি করার জন্য প্রস্তাব করেন। এবিষয়ে ব্যাপক আলোচনান্তে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে কাজটি বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) উপজেলা নির্বাহী অফিসার আরোও বলেন যে, কোভিড-১৯ এর কারণে প্রায় সকল মিটিং ভার্চুয়ালি অনুষ্ঠিত হচ্ছে। সে জন্য উপজেলা পরিষদে আনলিমিটেড জুম এ্যাপস নেয়ার প্রস্তাব করেন। এ বিষয়ে আলোচনান্তে মাসিক পেমেন্টের ভিত্তিতে আনলিমিটেড জুম এ্যাপস নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারের দাপ্তরিক কাজ পরিচালনার জন্য ০২ (দুই) টি ল্যাপটপ ক্রয়ের প্রস্তাব পেশ করেন। এ বিষয়ে আলোচনান্তে ০২ (দুই) টি ল্যাপটপ, ০২ প্রিন্টারসহ আনুষাঙ্গিক মালামাল ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৫) উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব নিরঞ্জন মহন্ত বলেন যে, উপজেলা পরিষদ কার্যালয়, মিঠাপুকুর, রংপুর এর ০২ (দুই) জন অফিস সহায়ক জনাব মোঃ জোসেফ রহমান এবং মোঃ খোরশেদ আলম, দৈনিক মজুরী ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা হারে কর্মরত রয়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, (উপজেলা-১ শাখা) এর ০৯ নভেম্বর ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০০৪.১২ (অংশ)৮৮৩ স্মারক মূলে দক্ষ কর্মচারী হিসাবে দৈনিক ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা হারে দৈনিক মজুরি প্রদানের এবং ০৯ নভেম্বর ২০২০ তারিখ থেকে বকেয়া বিল দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-০৫

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন ।

০১/৮/২০২১

( মোঃ জাকির হোসেন সরকার )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মিঠাপুকুর,রংপুর।

উপজেলা পরিষদ কার্যালয়
মিঠাপুকুর,রংপুর ।

স্মারক নং- ০৫.৪৭.৮৫৫৮.০০১.০০.০০০.২১- ৪৮(৬৫) তারিখঃ ০১আগষ্ট ২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। জনাব এইচ এন আশিকুর রহমান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৩-রংপুর-৫ (মিঠাপুকুর) উপদেষ্টা উপজেলা পরিষদ ও সভাপতি জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্হায়ী কমিটি ।
২। উপজেলা.................................................অফিসার, মিঠাপুকুর, রংপুর ।
৩। চেয়ারম্যান.....................................(সকল), ইউনিয়ন পরিষদ, মিঠাপুকুর ।

০১/০৮/২০২১

( উপজেলা নির্বাহী অফিসার )
মিঠাপুকুর,রংপুর।